



FARUQUE HASSAN  
PRESIDENT

০৫ জানুয়ারী ২০২২

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

সবাইকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা।

আপনারা অবগত আছেন যে, তৈরী পোশাক খাতের বিশাল অংশ জুড়ে রয়েছে ক্ষুদ্র ও মাঝারি কারখানাগুলো। এই কারখানাগুলো রপ্তানি আয় ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তবে, কোভিড-১৯ মহামারিতে এই কারখানাগুলোই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই বিজিএমইএ এর বর্তমান পরিচালনা পর্ষদ দায়িত্ব গ্রহণের পর থেকে ক্ষুদ্র ও মাঝারি কারখানাগুলোর উন্নয়নে কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প সমূহের কথা বিবেচনা করে বায়োমেট্রিক ডাটাবেজের বাৎসরিক নবায়ন (Renewal) ফি নিম্নোক্ত হারে পুনঃনির্ধারণ করা হয়েছেঃ-

গ্রুপ	শ্রমিক কর্মচারীর সংখ্যা	বাৎসরিক নবায়ন ফি পূর্বের চার্জ	বাৎসরিক নবায়ন ফি বর্তমান চার্জ
A	1-500	15,000	5,000
B	501-1000	20,000	10,000
C	1001-2500	25,000	20,000
D	2501-5000	30,000	25,000
E	5001-10000	40,000	40,000
F	10001-Above	45,000	45,000

উক্ত চার্জ ১লা জানুয়ারী ২০২২ থেকে কার্যকর হবে।

তবে যে সকল সদস্য ইতিমধ্যে বায়োমেট্রিক ডাটাবেজের নবায়ন ফি পরিশোধ করেছেন তাদের পরিশোধকৃত অতিরিক্ত ফি আগামী বছর এবং তার পরবর্তী বছর সমূহে বায়োমেট্রিক ডাটাবেজের বাৎসরিক নবায়ন ফি এর সাথে সমন্বয় করা হবে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান

সভাপতি, বিজিএমইএ